

২০১৬ সালের সহকারী শিক্ষক (কম্পিউটার) পদে উত্তীর্ণ প্রার্থীদের জ্ঞাতার্থে

আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, মাননীয় হাইকোর্ট ডিভিশনের রায়ের পরিপ্রেক্ষিতে ২০১৬ সালে ১০৯৫টি সহকারী শিক্ষক (কম্পিউটার) পদে নিয়োগের নিমিত্ত নির্বাচিত প্রার্থীদের তালিকা ২০.১২.২০১৮ তারিখে এনটিআরসিএ'র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। উক্ত পদে উত্তীর্ণ প্রার্থীদের Recommendation Letter for Appointment সংগ্রহ করার জন্য <http://ngi.teletalk.com.bd> ওয়েবসাইটে ক্লিক করে Download করতে বলা হলো।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে ৩০.১২.২০১৫ তারিখে জারিকৃত এক পরিপত্রের মাধ্যমে সমগ্র দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এন্ট্রি লেভেলের শিক্ষক নিয়োগের দায়িত্ব এনটিআরসিএ-কে প্রদান সাপেক্ষে ২০১৬ সালে এনটিআরসিএ হতে শিক্ষক নিয়োগের জন্য অনলাইনে চাহিদা (e-Requisition) গ্রহণ করা হয়। চাহিদাকৃত পদসমূহের জন্য প্রার্থী বাছাই কার্যক্রম ২০১৬ সালে সম্পন্ন করা হয়, কিন্তু ৯৭৭৭/২০১৬ এবং ৯৭৯০/২০১৬ মামলার কারণে এতদিন সহকারী শিক্ষক (কম্পিউটার) [যার সর্বশেষ নামকরণ করা হয়েছে সহকারী শিক্ষক (আইসিটি)] পদের জন্য প্রার্থী বাছাই চূড়ান্ত করা সম্ভব হয়নি। মামলা এখন নিষ্পত্তি হয়ে যাওয়ায় মামলার রায়ের আলোকে সম্প্রতি উক্ত সহকারী শিক্ষক (কম্পিউটার) পদের ফলাফল চূড়ান্ত করা হয়েছে। প্রসঙ্গতঃ উল্লেখ্য ২০১৬ সালে উক্ত পদের জন্য সমগ্র দেশের বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে সহকারী শিক্ষক (কম্পিউটার) পদের জন্য ১০৯৫টি চাহিদা পাওয়া যায়। পরীক্ষান্তে দেখা যায় যে, উক্ত চাহিদার মধ্যে ১৬টি শিক্ষা প্রতিষ্ঠান ভুলক্রমে অনুমোদিত পদের চেয়ে বেশী চাহিদা প্রদান করে ফেলেছেন। সে প্রেক্ষিতে নিম্নে বর্ণিত ১৬টি শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা সংশ্লিষ্ট ৪৭টি পদের বিপরীতে প্রার্থী সুপারিশ কার্যক্রম আপাততঃ স্থগিত রেখে বাকি ১০৪৮টি পদের প্রত্যেকেটির বিপরীতে গণবিজ্ঞপ্তি প্রকাশকালীন সরকারি বিধি-বিধানের আলোকে এবং হাইকোর্টের রায়ের আলোকে মেধারভিত্তিতে প্রার্থী বাছাই সম্পন্ন করে সুপারিশপত্র প্রদান করা হলো। স্থগিত পদসমূহের বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হতে ভুল চাহিদা প্রদানের বিষয়ে মতামত/ব্যাখ্যা পাওয়ার পরে সঠিক প্রাপ্যতা নির্ধারণ করে প্রার্থী বাছাই চূড়ান্ত করা হবে।

SL	EIN	INSTITUTE NAME
01	102118	S A SECONDARY SCHOOL AROJBEGI
02	102457	PACHIM KALIKAPUR HOSSIAN DAKHIL MADRASAH
03	102569	SOUTH CHOTO BIGHAI ISHAKIA DAKHIL MADRASHA
04	103706	HAJIGONJ PILOT GIRL'S HIGH SCHOOL
05	107602	HAZI MOSHAREF HOSSAN HIGH SCHOOL
06	108177	ALIM UDDIN HIGH SCHOOL
07	108183	PALLABI MAZEDUL ISLAM MODEL HIGH SCHOOL
08	108337	DR. MOHAMMAD SHAHIDULLAH ADARSHA UCHCHA MADYAMIC BIDYAPITH
09	108375	ALI AHMED HIGH SCHOOL AND COLLEGE
10	108462	MIRPUR MAFID-E-AM SCHOOL & COLLEGE
11	108499	FARDABAD HIGH SCHOOL
12	108833	DAYARAMPUR HIGH SCHOOL
13	112486	JANGIR HIGH SCHOOL
14	128173	NATUAR PARA S.B. DAKHIL MADRASHA
15	129473	KALIKAPUR HIGH SCHOOL
16	130366	CHARIPARA HIGH SCHOOL AND COLLEGE

[বিঃ দ্রঃ অনলাইন এপ্লিকেশনের মাধ্যমে প্রতিষ্ঠানের নাম ও ই আই আই এন নম্বর সংগ্রহ করে তথ্য গুলি ইংরেজিতে দেওয়া হলো]

চেয়ারম্যান
এনটিআরসিএ, ঢাকা।